# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/০১/৩(৭)অংশ-১২/২০২৩-২৪/ ১৭২৫(১২৫০) তারিখঃ ২০/০৫/২০২৪ খ্রি.

বিষয়ঃ **Single Borrower and Large Loan Exposure Limit প্রসঙ্গে।**

সূত্র নং- বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয় ঢাকা এর বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩, তারিখঃ ১৫/০৫/২০২৪ এবং বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৬/০১/২০২২।

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকের একক গ্রাহক/গ্রুপ ও বৃহদাংক ঋণ সীমা সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৬/০১/২০২২ জারি করা হয়। যা অত্র বিভাগ কর্তৃক পত্র নং-১৩৬৫, তারিখ:২০/০১/২০২২ মূলে পরিপালনের জন্য মাঠ কার্যালয়সমূহকে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। বর্ণিত বিআরপিডি সার্কুলার নং-০১ এর অনুচ্ছেদ 2(A) ও 2(B)-এর মাধ্যমে যথাক্রমে ব্যাংকের একক গ্রাহক/গ্রুপ ও বৃহদাংক ঋণ সীমা পুনঃনির্ধারণ করা হয় যা ০১ এপ্রিল ২০২২ তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী যে সকল গ্রাহকের নির্ধারিত একক গ্রাহক ঋণ সীমা অতিক্রম করেছিল, সে সকল গ্রাহককে ৩১ ডিসেম্বর ২০২২ (বিদ্যুৎ খাতের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৩) তারিখের মধ্যে গৃহীত ঋণ নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার নির্দেশনা প্রদান করা হয়।

০৪। বাংলাদেশ ব্যাংকের পর্যালোচনায় সম্প্রতি কতিপয় ব্যাংক কর্তৃক একক গ্রাহক/গ্রুপের ঋণের উর্ধ্বসীমা শিথিল করার জন্য আবেদন দাখিল করা হচ্ছে যা সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে প্রদত্ত নির্দেশনার পরিপন্থী। বর্ণিত প্রেক্ষাপটে বৃহৎ ঋণ ঝুঁকি হ্রাস, কর্পোরেট সুশাসন সমুন্নত রাখা এবং ঋণ বিতরণে উত্তম চর্চা নিশ্চিতকরণের মাধ্যমে ব্যাংকিং খাতের স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে একক গ্রাহক ঋণ সীমা (Single Borrower Exposure Limit) কোনক্রমেই অতিক্রম না করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদ্ব্যতীত, বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রুপের আওতা নির্ধারণে সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫। এমতাবস্থায়, সূত্রস্থ সার্কুলারসমূহ অনুসরণপূর্বক গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুর করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

20/05/2024

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/জেঃক্রেঃবিঃ/০১/৩(৭)অংশ-১২/২০২৩-২৪/ ১৭২৫(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

20/05/2024
(মহুয়া চন্দ)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

১৫ মে ২০২৪
তারিখ: ------------------
০১ জ্যৈষ্ঠ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## Single Borrower and Large Loan Exposure Limit

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ১৬ জানুয়ারি ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ 2(A) ও 2(B)-এর মাধ্যমে যথাক্রমে ব্যাংকের একক গ্রাহক/গ্রুপ ও বৃহদাংক ঋণ সীমা পুনর্নির্ধারণ করা হয় যা ০১ এপ্রিল ২০২২ তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী যে সকল গ্রাহকের নির্ধারিত একক গ্রাহক ঋণ সীমা অতিক্রম করেছিল, সে সকল গ্রাহককে ৩১ ডিসেম্বর ২০২২ (বিদ্যুৎ খাতের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৩) তারিখের মধ্যে গৃহীত ঋণ নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার নির্দেশনা প্রদান করা হয়।

৩। সম্প্রতি কতিপয় ব্যাংক কর্তৃক একক গ্রাহক/গ্রুপের ঋণের ঊর্ধ্বসীমা শিথিল করার জন্য আবেদন দাখিল করা হচ্ছে যা সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে প্রদত্ত নির্দেশনার পরিপন্থী। বর্ণিত প্রেক্ষাপটে বৃহৎ ঋণ ঝুঁকি হ্রাস, কর্পোরেট সুশাসন সমুন্নত রাখা এবং ঋণ বিতরণে উত্তম চর্চা নিশ্চিতকরণের মাধ্যমে ব্যাংকিং খাতের স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে একক গ্রাহক ঋণ সীমা (Single Borrower Exposure Limit) কোনক্রমেই অতিক্রম না করার বিষয়ে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এতদ্ব্যতীত, বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রুপের আওতা নির্ধারণে সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

CamScanner